গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
(স্থানীয় সরকার শাখা)
www.noakhali.gov.bd

নম্বর: ৪৬.৪২.৭৫০০.০০৯.০৫.০০১.২৪- 22

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩০
১৮ ফেব্রুয়ারি, ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ০২/০৯/২০১৪খ্রি. তারিখের ৪৬.০১৭.০১১.০০.০০.০০১.২০১১ -৭১৮ (৬৪) নম্বর স্মারকের আলোকে স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ১১/০২/২০২৪খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.১৬- ৯৯ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক নোয়াখালী জেলার ইউনিয়ন পরিষদ সচিব-এর শূন্য পদে লোক নিয়োগ এবং আগামী ০১(এক) বছরের জন্য নিয়োগ প্যানেল প্রস্তুতের লক্ষ্যে নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ সচিব | ০৬(ছয়) টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/-<br>তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**আবেদনের শর্তাবলি:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী-এর www.noakhali.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

৩. প্রার্থীর বয়স আগামী ১৮-০৩-২০২৪খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪. বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। তাছাড়া, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

৫. প্রার্থীকে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম, পদবির সীল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের/নির্ধারিত আবেদন পত্রে উল্লেখিত সাইজের সত্যায়িত ছবি আবেদন পত্রের সাথে যুক্ত করতে হবে।

৬. আবেদন পত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে=৪০০/- (চারশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে।
(খ) রেজিস্ট্রিসহ ডাকের জন্য ১০(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫"x৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের ডান পার্শ্বে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।

৭. আবেদন পত্র আগামী ১৮/০৩/২০২৪খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় /বিকাল-৪.০০টার মধ্যে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৯. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১. প্রার্থীদের লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নম্বর ক-ঙ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে (মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে দুটি) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ ও অন্যান্য সনদ।

গ) কোটার স্বপক্ষে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র। যেমন-

১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

২. এতিম ও শারীরিক প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এতিম/ প্রতিবন্ধী সনদ।

৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ।

৪. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৩. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮.০২.২৪

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক
নোয়াখালী
ফোন নং: ০২৩৩৪৪৯১০২১
e-mail: dcnoakhali@mopa.gov.bd

নম্বর: ৪৬.৪২.৭৫০০.০০৯.০৫.০০১.২৪- ২২< ১১০১

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩০
১৮ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৫। জেলা প্রশাসক.....................................(সকল)
৬। পুলিশ সুপার, নোয়াখালী
৭। সিভিল সার্জন, নোয়াখালী
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী
৯। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১০। নির্বাহী প্রকৌশল, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), নোয়াখালী
১১। সিনিয়র সহকারী সচিব, ইউপি-২ শাখা,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুন বাগিচা, ঢাকা-১০০০
১৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,...........................................................(সকল), নোয়াখালী
১৫। মেয়র..............................................পৌরসভা (সকল), নোয়াখালী
১৬। উপজেলা নির্বাহী অফিসার,...............................................(সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৭। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নোয়াখালী
১৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী [বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]
১৯। সম্পাদক, দৈনিক ইত্তেফাক / Dhaka Tribune / দৈনিক কালীবাজার.........
[তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি ও আবেদনপত্র তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ০২(দুই) দিনের মধ্যে এক দিনের জন্য সংক্ষিপ্ত পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
২০। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/অফিস কপি

১৮.০২.২৪

জেলা প্রশাসক
নোয়াখালী

# চাকুরীর আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

বরাবর

.........................................

.........................................

.........................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | | মাস | | দিন | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | ব্যাংকে টাকা জমার রশিদ/স্লিপ নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর